

Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 24 April, 2025

সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলায় অবস্থিত রতনকান্দি আল-হামিদ দাখিল মাদ্রাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে মনোনীত হয়েছেন মো. আলী সাদাত খান মজলিস (মেরাজ খান মজলিস)। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকার চেয়ারম্যানের নির্দেশক্রমে রেজিস্ট্রার প্রফেসর মো. আবদুল হাতির মিয়া স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে।

নতুন সভাপতি মো. আলী সাদাত খান মজলিসসহ ৪ সদস্য বিশিষ্ট কমিটির অন্য সদস্যরা হলেন সদস্য সচিব মো. আব্দুল ওয়াহাব, অভিভাবক সদস্য মো. আসাদুজ্জামান ও সাধারণ শিক্ষক সদস্য মো. হাসান আলী।

প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯-এর ৩৯ প্রবিধান অনুসারে সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার রতনকান্দি আল-হামিদ দাখিল মাদ্রাসা পরিচালনার উল্লেখিত সদস্যদের সমন্বয়ে সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন দেয়া হলো।

নতুন সভাপতি মো. আলী সাদাত খান মজলিস বলেন, মাদ্রাসার অবকাঠামোগত উন্নয়ন এবং শিক্ষার সূষ্ঠা পরিবেশ নিশ্চিত করনে সর্বদা সচেষ্ট থাকবো। ধর্মীয়, নৈতিক ও বাস্তবিক শিক্ষার প্রসারে মাদ্রাসাটি উত্তরোত্তর উন্নতি করবে বলে আমি আশা করি। এজন্য আমি কমিটির অন্যান্য সদস্য, শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী, খান মজলিস পরিবারসহ এলাকাবাসীর সর্বাত্মক সহযোগিতা কামনা করছি।

সিরাজগঞ্জ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ধর্মীয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:52

URL: <https://timestodaybd.com/across-the-country/1365643273>